

“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি।”



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

## ২০২০ সালের জেএসসি পরীক্ষার শিক্ষার্থীদের Online এ ফরম পূরণের বিজ্ঞপ্তি

পত্র নং-৫৩৮/মাধ্য:পরি:/২০০৩/১৩০৩

তারিখ: ১৭/০১/২০২১খ্রি.

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল বিদ্যালয় প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, করোনা ভাইরাস সংক্রমণের সার্বিক পরিস্থিতি বিবেচনায় ২০২০ সালের জেএসসি/জেডিসি পরীক্ষা গ্রহণ না করে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়নের ভিত্তিতে নবম শ্রেণিতে উত্তীর্ণ করা হয়েছে। ইতোমধ্যে এসকল শিক্ষার্থীদের জেএসসি/জেডিসি পরীক্ষার উত্তীর্ণ-সনদ প্রদানের সিদ্ধান্তও গৃহীত হয়েছে। শিক্ষার্থীদের জেএসসি/জেডিসি পরীক্ষার উত্তীর্ণ-সনদ প্রদানের লক্ষ্যে **Online** এ ফরম পূরণের নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

১। **Online** এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (**probable list**) প্রদর্শন : শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট ([www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)) এ ২১/০১/২০২১ তারিখে দেয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ২৩/০১/২০২১ থেকে ৩১/০১/২০২১ তারিখের মধ্যে **Online** এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (**eFF**) সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহকে ঢাকা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে **OEMS/eFF** এ ক্লিক করে **EIIN** ও **Password** দিয়ে **Login** করে **Probable list** এ যেতে হবে এবং **Print** করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী **Select** করতে হবে।

(খ) উক্ত হার্ডকপি **Probable list** এ টিক চিহ্নিত শিক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত **Probable list** থেকে **Select** করতে হবে।


(গ) **Temporary List Print** করে ভালভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে **Select/ Unselect** করা যাবে।

(ঘ) **Final Candidate List Print** করে প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

(ঙ) **Final submit** বাটন এ ক্লিক করে অবশ্যই **Final submit** করতে হবে। অন্যথায় ফরম পূরণ সম্পূর্ণ হবে না।

(চ) **Final submit** সম্পূর্ণ না হলে উত্তীর্ণ-সনদ দেয়া হবে না।

২। ফরম পূরণ করতে কোন 'ফি' প্রয়োজন হবে না।

  
১৭/০১/২০২১

প্রফেসর এস,এম. আমিরুল ইসলাম

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন- ০২-৯৬৬৯৮১৫

অনুলিপি প্রেরিত হলো :

সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। ঢাকা শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।

কার্যার্থে:

- ১। উপ-পরিচালক (হি: ও নি:), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন জেএসসি পরীক্ষা-সংশ্লিষ্ট সকল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।
- ৫। অফিস কপি।